শতভাগ ইলেট্রনিক পদ্ধতিতে এলজিইডিতে বিভিন্ন উন্নয়নমূলক কাজের লটারী সম্পন্ন

শামসুল আলম, ঠাকুরগাঁও:: এলজিইডি ঠাকুরগাঁয়ে “শতভাগ ইলেট্রনিক পদ্ধতিতে উৎসবমুখর পরিবেশে এলজিইডিতে বিভিন্ন উন্নয়নমূলক কাজের লটারী” অনুষ্ঠিত হয়েছে। ১০ই এপ্রিল দুপুরে ঠাকুরগাঁও এলজিইডির নির্বাহী প্রকৌশলীর সম্মেলন কক্ষে উক্ত সভা অনুষ্ঠিত হয়। এতে জেলার সকল ঠিকাদার, প্রকৌশলী ও গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।
জানা যায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এলজিইডি প্রায়শত টেন্ডার e-gp তে প্রক্রিউরমেন্ট বিধিমালা-২০১৮ অনুযায়ী -২০০৮ অনুযায়ী আহ্বান করে থাকে। এরই ধারাবাহিকতায় এলজিইডি ঠাকুরগাঁও জেলায় নির্বাহী প্রকৌশলীর দপ্তরে বৃহত্তম দিনাজপুর জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ১৯টি গ্রামীন সড়ক উন্নয়নের-LTM পদ্ধতি উৎসবমুখর পরিবেশে লটারি সম্পন্ন হয়েছে। শতভাযগ স্বচ্ছতার ভিত্তিতে প্রতিটি কাজের কাগজপত্র সমূহ যাচাই করার পর লটারি সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার আব্দুল আওয়াল, হুমায়ুন কবির ও মুক্তা সরকার সহ সকলেই জানান ইলেকট্রিক পদ্ধতিতে এলজিইডিতে বিভিন্ন উন্নয়নমূলক কাজের লটারী স্বচ্ছভাবে অনুষ্ঠিত হয়েছে। আমরা আশা করি আগামীতেও স্বচ্ছভাবে উক্ত কার্যক্রম চলমান থাকবে।
ঠাকুরগাঁও এলজিইডির নির্বাহী প্রকৌশলী মোঃ মামুন বিশ্বাস নান, ঠাকুরগাঁও জেলায় গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে এলজিইডি নিরলস ভাবে কাজ করা হয়েছে। এলজিইডি -এর মাধ্যমে বিভিন্ন প্রকল্পের আওতায় গ্রামীণ সড়ক উন্নয়ন, ব্রীজ কালভাট নির্মাণ ও রক্ষণাবেক্ষন ও গুরত্বপূর্ণ সড়ক সমূহ প্রস্তুতকরণ সহ অনেক কাজ চলমান রয়েছে। শতভাগ গুণগতমান বজায় রেখে এলজিইডি ঠাকুরগাঁও বদ্ধপরিকর এছাড়াও ভবিষ্যতে যত টেন্ডার হবে শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করে এ আহ্বান করা হবে।